



মাগুরা : ঝড়ে কুলঘরের চাল উড়িয়ে নিয়ে যাওয়ায় সামিয়ানা টানিয়ে ক্রাস চালানো হচ্ছে একটি ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের -ইনকিলাব

মাগুরায় ঝড়ে ১১৯টি বিদ্যালয় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের সীমাহীন দুর্ভোগ

মাগুরা জেলা সংবাদদাতা : মাগুরা জেলার ৪টি উপজেলায় সাম্প্রতিক কালবৈশাখী ঝড়ে ১১৯টি বিদ্যালয়ের ব্যাপক ক্ষতি হয়েছে। বিদ্যালয়সমূহের মেরামত বা সংস্কার না হওয়ায় ছাত্রছাত্রীরা খোলা আকাশের নিচে অথবা পাছতলায় ক্রাস করছে। ঝড়ের মৌসুম শুরু পর থেকে কয়েকটি ঝড়ে কুলতলোর টিনের চালা, বেড়া ভেঙ্গে চূরমারসহ আসবাবপত্র লুপ্তও হয়েছে। কোথাও ঘর ভেঙ্গে

পড়েছে। শিক্ষা বিভাগ সূত্রে প্রকাশ, মাগুরা সদর উপজেলায় ৪২টি, মহম্মদপুর উপজেলায় ২৪টি, শ্রীপুর উপজেলায় ২২টি ও শালিখা উপজেলায় ৩১টি শিক্ষা প্রতিষ্ঠান ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর মধ্যে মাধ্যমিক, নিম্নমাধ্যমিক, প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসা রয়েছে। ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা মারাত্মকভাবে লেখাপড়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে।